# বাঙলার লোকসাহিত্য ও সংস্কৃতি

শ্রীদুলাল চৌধুরী
এম, এ, ; ডি, ফিল্ ( ক. বি. )
অধ্যাপক, বাংলা বিভাগ,
ফকিরচাঁদ কলেজ,
ডায়মণ্ডহারবার
এবং
প্রাক্তন রামতনু লাহিড়ী গবেষক,
কলিকাতা বিশ্ববিদ্যালয়
ও
রিসার্চ্চ ফেলো,
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
নয়াদিল্লী।

● লোকায়ত প্রকাশন ●
কলিকাতা : ৪৫

**প্রথম প্রকাশ :**
**আশ্বিন : ১৩৬৭**

প্রকাশক :
শ্রীমতী সাধনা চৌধুরী এম, এ ; বি, টি
লোকায়ত প্রকাশন
১৮৮/৪৯, প্রিন্স আনোয়ার শা' রোড
কলিকাতা : ৪৫

প্রচ্ছদ :
দিব্যেন্দু বন্দ্যোপাধ্যায়

আলোকচিত্র :
লেখক কর্তৃক গৃহীত

মুদ্রণ :
শ্রীবীরেন্দ্রমোহন বসাক
শ্রীদুর্গা প্রিন্টিং হাউস
১০, ডাঃ কার্তিক বোস ষ্ট্রীট
কলিকাতা-৯

পরিবেশক :
**নিউ বুক হাউস**
২, কলেজ ষ্ট্রীট,
কলিকাতা : ১২

প্রাপ্তিস্থান :
**নিউ মডার্ণ বুক সোসাইটি,**
৬৯, মহাত্মা গান্ধী রোড,
কলিকাতা : ১২

উৎসর্গ ●

লোকায়ত বাংলার

মানুষের নামে

ও আমার দেশের মাটি, তোমার 'পরে ঠেকাই মাথা।
তোমাতে বিশ্বময়ীর, তোমাতে বিশ্বমায়ের আঁচল পাতা ॥
তুমি মিশেছ মোর দেহের সনে,
তুমি মিলেছ মোর প্রাণে মনে,
তোমার ওই শ্যামলবরণ কোমলমূর্তি মর্মে গাঁথা ॥

রবীন্দ্রনাথ ঠাকুর

# প্রাক্-কথন

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বাংলা বিভাগে ১৯৬০ সালে 'লোকসাহিত্য' বিশেষ পত্র নিয়ে পড়াশুনার সময় বাংলাদেশ, বাঙ্গালী ও বঙ্গীয় লোকসংস্কৃতিকে নতুন করে প্রাণ দিয়ে, হৃদয় দিয়ে, মন দিয়ে, মনীষা দিয়ে জানবার, বুঝবার, ও ভালোবাসবার সুযোগ পেয়েছিলাম। আমার এই লোকায়ত পথে যাঁরা পথ চলার পাথেয় ও প্রেরণা দিয়েছিলেন তাঁরা হলেন : স্বর্গীয় ডঃ শশিভূষণ দাশগুপ্ত, ডঃ বিজনবিহারী ভট্টাচার্য ( বর্তমান বিভাগীয় প্রধান ও রামতনু লাহিড়ী অধ্যাপক ), ডঃ আশুতোষ ভট্টাচার্য ( বর্তমান রবীন্দ্র অধ্যাপক )। তাঁদের অকৃত্রিম স্নেহ ও উৎসাহ ব্যতিত লোকসাহিত্য ও সংস্কৃতি বিষয়ে উচ্চতর গবেষণা করার সুযোগ হোত না। ডঃ বিজনবিহারী ভট্টাচার্যের অনুপ্রেরণায় এই গ্রন্থের প্রকাশ সম্ভব হল। তাঁদের প্রত্যেককে আন্তরিক শ্রদ্ধাঞ্জলি নিবেদন করি।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে লোকসাহিত্য ও সংস্কৃতি বিষয়ে গবেষণা কর্মের ফাঁকে ফাঁকে কিছু কিছু প্রবন্ধ বিভিন্ন পত্র-পত্রিকায় লিখেছিলাম। বর্তমান গ্রন্থ সেই প্রবন্ধমালার আংশিক সংকলন। শুধুমাত্র 'লোকসাহিত্য : রবীন্দ্রনাথ' ও 'পরিশিষ্টাংশ' নতুন করে রচনা করেছি। লোকসাহিত্য ও সংস্কৃতি বিষয়ে বিশ্বে যে নতুন বৈজ্ঞানিক চিন্তা-চেতনার উন্মেষ ঘটেছে তার সঙ্গে তরুণ ছাত্র-ছাত্রী বন্ধুদের, যা'রা লোকসাহিত্য ও সংস্কৃতি বিষয়ে উৎসাহী, অনুসন্ধিৎসু তাদের পরিচয় করিয়ে দেবার প্রাথমিক প্রয়াস এই গ্রন্থে করেছি। আমি জানি এবং বিশ্বাস করি বাংলার লোকসাহিত্য ও সংস্কৃতি প্রসঙ্গে চূড়ান্ত বা শেষ কথা বলার দিন এখনও অনাগত। কারণ বাংলার লোকায়ত সাহিত্য ও সংস্কৃতির প্রায় পনের আনাই এখনও লোকায়ত বাংলার চাষী ও সাধারণ মানুষের মুখে মুখে, তাদের জীবনের আচারে-অনুষ্ঠানে-উৎসবে-পার্বণে-পূজায়-মেলায়-গানে-গীতিকায় ছড়িয়ে আছে। দুই বাংলার লোকায়ত সংস্কৃতির